তারিখ ... 03 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ২ ... ......

যুগান্তর

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কর্মবিরতি

যুগান্তর ডেস্ক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদ ও বিচার দাবিতে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে সোমবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ কর্মসূচি পালিত হয়। ব্যুরো, বিশ্ববিদ্যালয় রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** রাবি অধ্যাপক রেজাউল করিম হত্যার প্রতিবাদে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলায় অবস্থান কর্মসূচি ও সমাবেশ করেন শিক্ষকরা। শিক্ষক সমিতি ফেডারেশন ও ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এবং ফেডারেশনের মহাসচিব ও ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের পরিচালনায় কর্মসূচিতে অধ্যাপক ড. আবুল কাশেম ফজলুল হক, অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক ড. জিয়া রহমান, অধ্যাপক ড. আফতাব আলী শেখ প্রমুখ অংশ নেন। তবে এ কর্মসূচিতে বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দলের কোনো শিক্ষককে দেখা যায়নি। নীল দলের শিক্ষকদের উপস্থিতিও ছিল কম। এ কর্মবিরতির ফলে বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগেই ক্লাস অনুষ্ঠিত হয়নি। তবে কয়েকটি বিভাগে পূর্বনির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

সমাবেশে সভাপতির বক্তব্যে অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'দেশে একের পর এক হত্যাকাণ্ড ঘটলেও রাষ্ট্রের গোয়েন্দা সংস্থা ব্যর্থতার পরিচয় দিয়েছে। তারপরও তারা বড় বড় কথা বলেন। মানুষকেই যদি সিকিউরিটির জন্য দায়িত্ব নিতে হয় তাহলে আপনারা আপনাদের দায়িত্ব থেকে সরে দাঁড়ান।'

## রাবি শিক্ষক হত্যার প্রতিবাদ ও বিচার দাবি

**জবি :** রাবি শিক্ষক হত্যার প্রতিবাদ ও বিচারের দাবিতে সোমবার কর্মবিরতি পালন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। দুপুর ১২টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে শিক্ষক সমিতির ব্যানারে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। এতে জবি ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমানসহ শিক্ষক নেতারা বক্তব্য রাখেন।

**শাবি :** রাবি অধ্যাপক এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী হত্যার বিচার দাবিতে সারা দেশের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাত্মতা প্রকাশ করে অর্ধদিবস কর্মবিরতি পালন করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) শিক্ষক সমিতি। সোমবার সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত এ কর্মবিরতি পালন করা হয়। এর ফলে বিশ্ববিদ্যালয়ের ২৬টি বিভাগে কোনো ক্লাস হয়নি। তবে পূর্বনির্ধারিত পরীক্ষাগুলো কর্মবিরতির আওতামুক্ত ছিল। এছাড়া দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত কালো ব্যাজ ধারণ করে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন ও সমাবেশ করে শিক্ষক সমিতি। সমাবেশে শিক্ষক সমিতির সভাপতি ড. সৈয়দ সামসুল আলম, সাধারণ সম্পাদক মুহিবুল আলম, ড. মুহম্মদ জাফর ইকবাল প্রমুখ বক্তব্য রাখেন।

**খুবি :** অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর হত্যার প্রতিবাদ ও বিচার দাবিতে সোমবার খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত কর্মবিরতি এবং দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালিত হয়। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মসূচিতে সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. সারওয়ার জাহান, প্রফেসর ড. মো. রেজাউল করিম, প্রফেসর ড. মো. মনিরুল ইসলাম, প্রফেসর ড. আফরোজা পারভীন, প্রফেসর ড. মো. আইয়াজ হাসান চিশতী প্রমুখ ■ পৃষ্ঠা ৭ : কলাম ১

## পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি

(৩য় পৃষ্ঠার পর)

বক্তব্য রাখেন।

**রুয়েট :** অধ্যাপক রেজাউল হত্যার প্রতিবাদ ও ঘাতকদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট কর্মসূচি করেছেন শিক্ষকরা। দুপুর ১২টায় রুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর নীরেন্দ্র নাথ মুস্তাফী এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. আবদুল আলীমের নেতৃত্বে এ কর্মসূচি পালন করা হয়।

**রাবিতে আজ শিক্ষক মহাসমাবেশ :** এদিকে অধ্যাপক রেজাউল হত্যার বিচার দাবিতে আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ঘোষিত মহাসমাবেশ অনুষ্ঠিত হবে। বেলা ১১টায় সিনেট ভবন চত্বরে এ সমাবেশের আয়োজন করা হয়েছে। এতে ফেডারেশনের কেন্দ্রীয় নেতারাসহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতারা অংশ নিবেন।